

গ্রন্থাগারকে ভালবাসুন
গ্রন্থাগারে পড়তে আসুন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

www.publiclibrary.gov.bd, Fax # 58611775

বিষয়: মহান বিজয় দিবস ২০১৬ উদ্‌যাপন উপলক্ষে রচনা ও বইপাঠ প্রতিযোগিতা।

মহান বিজয় দিবস ২০১৬ উদ্‌যাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে নিম্নোক্ত বিষয়ে রচনা ও বইপাঠ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে :


ক্র.নং	গ্রন্থপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	'ক'	পঞ্চম-অষ্টম	বিজয় দিবসের শিক্ষা	১০০০
২.	'খ'	নবম-দ্বাদশ	বিজয় দিবসের তাৎপর্য	১২০০
৩.	'গ'	স্নাতক-স্নাতকোত্তর	কবিতা ও গানে মুক্তিযুদ্ধ	১৫০০
৪.	'ঘ'	সর্বসাধারণ	মুক্তিযুদ্ধের প্রেরণা	১৮০০

ঢাকার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা অফিসে এবং অন্যান্য বিভাগীয়, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। বইপাঠ প্রতিযোগিতার ফরম সংশ্লিষ্ট গ্রন্থাগার থেকে সংগ্রহ করে ঐ গ্রন্থাগারেই জমা দিতে হবে।

পুস্তক প্রদর্শনী : গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা এবং বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার কার্যালয় চত্বরে ১৫.১২.২০১৬ তারিখ থেকে ১৭.১২.২০১৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

শর্তাবলী :

১. রচনা A4 সাইজ সাদা কাগজে স্বহস্তে লিখতে হবে। প্রতিটি পাতার এক পৃষ্ঠায় লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. প্রত্যেক প্রতিযোগীর রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. বইপাঠ প্রতিযোগিতার ক্ষেত্রে পঠিত বইসমূহ সংশ্লিষ্ট গণগ্রন্থাগারের হতে হবে।
৫. 'ঘ' গ্রন্থপের ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৬. রচনা ও পূরণকৃত বইপাঠ প্রতিযোগিতার ফরম আগামী ২৮.১২.২০১৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট গণগ্রন্থাগারে জমা দিতে হবে।


(আশীষ কুমার সরকার)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৬৭১২৩৪
e-mail:dg.dpl.2012@gmail.com